ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(Rajshahi University of Engineering & Technology)

RUET

ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষঃ ২০১৪-২০১৫

প্রথম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি বিষয়ক তথ্যাবলী ।

Website: www.ruet.ac.bd

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

১। উপক্রমনিকা ঃ

আগামী ১৬ অক্টোবর, ২০১৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাস্থান অনুযায়ী রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষে ১ম বর্ষ স্নাতক কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

২। আসন সংখ্যা ঃ

নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত ৩টি অনুষদের মোট ১০টি বিভাগের আসন সংখ্যা অনুযায়ী মোট ৭২৫ জন (৫টি সংরক্ষিত আসনসহ) ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

পুরকৌশল অনুষদ			তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ			যন্ত্রকৌশল অনুষদ				সংরক্ষিত	মোট
CE	URP	ARCH	EEE	CSE	ETE	ME	IPE	GCE	MTE		
১২০	৩০	৩০	১২০	১২০	৬০	১২০	৬০	৩০	৩০	৫	৭২৫

এখানে ১০(দশ)টি বিভাগের কোডের ব্যাখ্যা নিচে দেয়া হল ঃ

Code	Department
CE	Civil Engineering
URP	Urban & Regional Planning
ARCH	Architecture
EEE	Electrical & Electronic Engineering
CSE	Computer Science & Engineering
ETE	Electronics & Telecommunication Engineering
ME	Mechanical Engineering
IPE	Industrial & Production Engineering
GCE	Glass & Ceramics Engineering
MTE	Mechatronics Engineering

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা ঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১১ বা তৎপরবর্তী সালের এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০ পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে ২০১৪ সালের এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী - এই চার বিষয়ে মোট জিপিএ কমপক্ষে ১৮.৫ এবং উল্লেখিত বিষয়গুলোর মধ্যে গণিত, পদার্থবিদ্যা, রসায়নে পৃথকভাবে প্রত্যেক বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০ ও ইংরেজীতে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫ পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থী GCE ‘O’ level এবং ‘A’ level পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষার

আবেদনের জন্য GCE ‘O’ level পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে B গ্রেড এবং নভেম্বর ২০১৩ সালের পরে GCE ‘A’ level পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা স্বাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০১৪ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় ৩(গ) এ উল্লেখিত গ্রেড পেয়ে পাশ করতে হবে। উক্ত ক্ষেত্রে গ্রেড-এর সমতুল্য Numerical Value এর মান সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত সনদপত্র জমা দিতে হবে।

৪। **SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ** ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে 16222 নম্বরে SMS করতে হবে।

ক) টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে RUET লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপ এর কী ওয়ার্ড (KA/KHA) লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ RUET DHA 123456 2014 CHI 102030 2012 KA উদাহরণটি চট্টগ্রাম বোর্ড হতে SSC ও ঢাকা বোর্ড হতে HSC পাশ করা এবং RUET এর KA গ্রুপ এর প্রার্থীর জন্য। এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে নিজের HSC পরীক্ষার রোল নম্বর, 102030 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর এবং 2012 এর জায়গায় SSC পাশের সাল লিখতে হবে। বিভিন্ন বোর্ডের জন্য কী ওয়ার্ডসমূহ হলোঃ বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD), সিলেট (SYL) এবং কারিগরি (VOC)।

সংরক্ষিত আসনে আবেদনকারীগণ উপরোক্ত SMS এর শেষে স্পেস দিয়ে একটি অতিরিক্ত কী ওয়ার্ড (TRI) সংযুক্ত করবে।

উদাহরণ: RUET DHA 123456 2014 CHI 102030 2012 KA TRI

উদাহরণটি সংরক্ষিত আসনে আবেদনকারী প্রার্থীর জন্য।

খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে RUET লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যে কোন অপারেটর-এর একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: RUET YES 654321 01xxxxxxxxx। এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN এবং 01xxxxxxxxx এর জায়গায় আবেদনকারীর মোবাইল নম্বর লিখতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল উক্ত টেলিটক

মোবাইল ফোন থেকে প্রয়োজনীয় (KA গ্রুপ এর জন্য ৬০০/- অথবা KHA গ্রুপ এর জন্য ৭০০/-) টাকা কেটে নেয়া হবে এবং আবেদন গৃহীত হবে। **ফিরতি SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি ফরম নম্বর জানিয়ে দেয়া হবে যা আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।**

গ) সকল বৈধ আবেদনকারীর মধ্য থেকে HSC পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এ তালিকা থেকে প্রথম ৫,০০০ (পাঁচ হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৫,০০০তম প্রার্থীর সমান উপরোক্ত ৪ (চার)টি বিষয়ে মোট গ্রেড পয়েন্ট প্রাপ্ত সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদেরকে তাদের সংরক্ষিত ফরম নম্বরের বিপরীতে একটি রোল নম্বর জানিয়ে দেয়া হবে (বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইট ও SMS এর মাধ্যমে)। **পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।**

ঘ) **GCE ‘O’ ও ‘A’ level এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্র/ছাত্রীরা SMS এর মাধ্যমে আবেদন করতে পারবে না।** তাদেরকে বিশ্ববিদ্যায়ের ওয়েবসাইট (www.ruet.ac.bd) থেকে ডাউনলোডকৃত আবেদনপত্র পূরণ করতে হবে। “সভাপতি, ভর্তি কমিটি, রুয়েট” -এর অনুকূলে শুধমাত্র রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক -এর যে কোন শাখা থেকে KA গ্রুপ-এর জন্য ৬০০.০০ (ছয়শত) অথবা KHA গ্রুপ -এর জন্য ৭০০.০০ (সাতশত) টাকার ব্যাংক ড্রাফ্ট করে আবেদনপত্রের সাথে সংযুক্তকরতঃ রেজিষ্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৪ বরাবরে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। আবদনপত্রের সাথে অবশ্যই সকল ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং খামের উপর “ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনপত্র” উল্লেখ করতে হবে।

ঙ) পরবর্তীতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর ফরম নম্বর ও ভর্তি পরীক্ষার রোল নম্বর উল্লেখ করতে হবে। এজন্য প্রত্যেক আবেদনকারীকে তার নিজ ফরম নম্বর ও ভর্তি পরীক্ষার রোল নম্বর অবশ্যই সংরক্ষণ করার জন্য বলা যাচ্ছে।

৫। **প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ ঃ** ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রার্থীর ০১ (এক) টি সদ্য তোলা রঙ্গিন ছবি ফটোকপিকৃত রেজিষ্ট্রেশন কার্ডের ফাকা জায়গায় আঠা দ্বারা পেস্ট করে অবশ্যই সংগে আনতে হবে। ফটোকপিকৃত রেজিষ্ট্রেশন কার্ডের উপর ভর্তি পরীক্ষার রোল নম্বর বাংলায় লিখে আনতে হবে। এছাড়া পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না। উল্লেখ্য যে, ভর্তি পরীক্ষার জন্য কোনরূপ প্রবেশপত্র ইস্যু করা হবে না। এ ছাড়াও সংরক্ষিত আসনের প্রার্থীদেরকে ভর্তি পরীক্ষার দিন হল পরিদর্শকের নিকট ক্ষুদ্র জাতি গোষ্ঠীত্বের সনদের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬। **পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশাবলী ঃ**

ক) পরীক্ষা কক্ষে ক্যালকুলেটর ছাড়া অন্য কোন ইলেকট্রোনিক ডিভাইস (যেমন- কম্পিউটার /

ট্যাব, মোবাইল ফোন ইত্যাদি) আনা নিষিদ্ধ।

খ) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে। তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটরের) একটি নির্দিষ্ট চালু মোবাইল নম্বর দিতে হবে।

গ) SMS পদ্ধতির রেজিষ্ট্রেশন প্রক্রিয়ায় কোনরূপ সমস্যার সম্মুখীন হলে টেলিটকের কাষ্টমার কেয়ার (১২৩৪)-এ যোগাযোগ করা যেতে পারে।

ঘ) পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

ঙ) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং কোন পরীক্ষার্থী এক ঘন্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত খাতা জমা দিতে পারবে না।

৭। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ, নির্ধারিত নম্বর ও পরীক্ষা বিষয়ক নির্দেশাবলী ঃ

ক) ২০১৪ সালের এইচ.এস.সি পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী (Functional)-এর পাঠ্যসূচীর উপর ভিত্তি করে KA গ্রুপ -এর জন্য ১০০% MCQ ভিত্তিতে ৫০০ নম্বর এবং KHA গ্রুপ -এর জন্য পূর্ব বর্ণিত ৫০০ নম্বরের MCQ ও ১০০ নম্বরের মুক্তহস্ত অংকনসহ মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখিত বিষয়সমূহের নম্বর বন্টন নিম্নরূপ ঃ

বিষয় সমূহ	নম্বর	
	KA গ্রুপ	KHA গ্রুপ
গণিত	১৫০	১৫০
পদার্থবিদ্যা	১৫০	১৫০
রসায়ন	১৫০	১৫০
ইংরেজী (Functional)	৫০	৫০
মুক্তহস্ত অংকন (আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছুক প্রার্থীদের জন্য)	-	১০০
সর্বমোট নম্বর	৫০০	৬০০

খ) **পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা বিষয়ক নির্দেশাবলী ঃ**

১) MCQ পদ্ধতিতে উত্তরপত্রে (OMR Sheet) ভর্তি পরীক্ষার ফরম নম্বর, রোল নম্বর, সেট কোড এবং উত্তরের অংশে অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা পূরণ করবে।

২) ছাত্র সেট কোড পূরণ না করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩) প্রতিটি ভুল উত্তরের জন্য ২০% নম্বর কাটা যাবে।

৪) OMR Sheet কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।

৫) রাফ করার প্রয়োজন হলে প্রশ্নপত্রের অপর পৃষ্ঠা ব্যবহার করা যাবে।

৮। ভর্তির জন্য প্রার্থী নির্বাচন প্রক্রিয়া ঃ

(ক) ভর্তিপরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা থেকে প্রথম ৭২০ (সাতশত

বিশ) জনকে ও সংরক্ষিত আসনে ভর্তির জন্য সুযোগ প্রাপ্ত ৫(পাঁচ) জনকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক দ্বারা স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ততা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

খ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পেলে সেক্ষেত্রে ভর্তি পরীক্ষায় যথাক্রমে গনিত,পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

৯। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী ঃ

ক) ভর্তির আবেদনের সময়সূচী	**১০ সেপ্টেম্বর ২০১৪ খ্রিঃ হতে ২৪ সেপ্টেম্বর ২০১৪ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।**
খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	**৩০ সেপ্টেম্বর ২০১৪ খ্রিঃ।**
গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	**(i) সকল (KA ও KHA গ্রুপ) প্রার্থীর জন্য ১৬ অক্টোবর ২০১৪ খ্রিঃ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। (ii) শুধুমাত্র KHA গ্রুপ (আর্কিটেকচার) বিভাগের প্রার্থীর জন্য মুক্তহস্ত অংকন ১৬ অক্টোবর ২০১৪ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**
ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	**২৫ অক্টোবর ২০১৪ খ্রিঃ।**

১০। বিভাগ নির্বাচন ঃ

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির প্রাক্কালে মূল সনদপত্র ও গ্রেডশীট-এর সত্যতা যাচাইয়ের সময় তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরমে সংগ্রহ করা হবে। মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ করা হবে।

১১। ভর্তির নিয়ম ঃ

ক) ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নিম্নবর্ণিত সনদপত্রাদির সত্যতা যাচাইয়ের জন্য ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্দিষ্ট কমিটির নিকট দাখিল করতে হবে।

১) এইচ.এস.সি/সমমান পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড-এর মূল কপি (ফেরতযোগ্য)।

২) এস.এস.সি/ সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র।

৩) এস.এস.সি/ সমমান পরীক্ষার গ্রেড শীট -এর মূল কপি।

৪) এইচ.এস.সি/ সমমান পরীক্ষার গ্রেড শীট এর মূল কপি।

৫) এইচ.এস.সি/ সমমান পরীক্ষা পাশের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।

৬) নির্বাচিত প্রার্থী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি

বাতিলের প্রমাণ পত্র ।

৭) সংরক্ষিত আসনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ক্ষুদ্র জাতি গোষ্ঠী আবেদনকারীদেরকে তাদের ক্ষুদ্র জাতি গোষ্ঠীত্বের প্রমাণস্বরূপ নিম্নোক্ত দলিলাদি জমা দিতে হবে:

- স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট ;
- ক্ষুদ্র জাতি গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট যা স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে ।

খ) সনদপত্রের সত্যতা যাচাইয়ের পর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ছাত্র/ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করবেন ।

গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে, ভর্তির সময় গ্রেডশীট, সনদপত্রসমূহ অবশ্যই এক বছরের জন্য জমা দিতে হবে । কেবল ভর্তি বাতিল করা সাপেক্ষেই এক বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য ।

১২ । স্বাস্থ্য পরীক্ষা ঃ

বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ভর্তির জন্য নির্বাচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন । পরীক্ষায় যদি হৃদরোগ, তোতলামি, দৃষ্টি কিংবা শ্রবণশক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারিরীক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অথবা প্রকৌশল পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে সংশ্লিষ্ট ভর্তি কমিটি মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে । তবে দৃষ্টিশক্তির ত্রুটি ৭ (সাত) দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য সাময়িক অনুপযুক্ততা যথা- হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে ।

১৩ । ছাত্রাবাসের আসন ঃ

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ৫টি এবং ছাত্রীদের ১টি আবাসিক হল আছে। তবে প্রথম বর্ষের ছাত্র/ছাত্রীদের হলে আসন পাওয়ার সম্ভাবনা কম। সেক্ষেত্রে তাদেরকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের বাইরে থাকার ব্যবস্থা করতে হবে ।

১৪ । আসন সংরক্ষণ ঃ

বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং বান্দরবান জেলার প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের ভর্তি পরীক্ষার জন্য অনুচ্ছেদ-৩ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে এবং ভর্তির জন্য বিবেচিত হতে হলে ভর্তি পরীক্ষায় কমপক্ষে KA গ্রুপের জন্য ১৫০ নম্বর এবং KHA গ্রুপের জন্য ১৮০ নম্বর পেতে হবে ।

পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর জন্য	বান্দরবান জেলা	মোট সংরক্ষিত আসন সংখ্যা
৪	১	৫

বিঃ দ্রঃ

যান্ত্রিক/ডাক বিভ্রাটের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনক্রমেই দায়ী থাকবে না। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তিকে ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে ।

ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

সভাপতি,
ভর্তি কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী - ৬২০৪ ।

বিশেষ দৃষ্টি আকর্ষণ

১ । কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না ।

২ । ভর্তি এবং ক্লাশ আরম্ভ হওয়া সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি ছাত্র/ছাত্রীবৃন্দ নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়-এর নোটিশবোর্ড অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.ruet.ac.bd) থেকে জেনে নেবে ।

৩ । ভর্তির জন্য নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি না হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হবে ।

৪ । বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অধ্যাদেশ অনুযায়ী ১ম বর্ষে ভর্তি হওয়া কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হবার পর একাধিক্রমে দুই সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে ।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস সময়ে (সকাল ৯:০০- বিকাল ৫:০০) নিম্নের যে কোন মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে:

১) ০১৫৫৫৫৫৫০২১ ২) ০১৫৫৫৫৫৫০২২

------- ০ -------